

২০২৪

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : DSE-B-3 and DSE-B-4

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

DSE-B-3

[চরিত্রসাহিত্য, আত্মচরিত ও ভ্রমণসাহিত্য]

পূর্ণমান - ৬৫

- ১। (ক) 'চেতন্যভাগবত' অবলম্বনে কবি বৃন্দাবন দাসের কবিত্ব শক্তির অসাধারণত্ব সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা,
(খ) 'চেতন্যভাগবত'-এ সমকালীন সমাজজীবনের যে চিত্র পরিস্ফুট হয়েছে, তার পরিচয় দাও। ১০
- ২। (ক) "এতবড়ো অব্যর্থ ভবিষ্যদ্বাণী জীবনে আর কোনদিন কর্ণগোচর হয় নাই।"— কী প্রসঙ্গে কোন অব্যর্থ ভবিষ্যদ্বাণীর কথা বলা হয়েছে? লেখকের এই উক্তির তাৎপর্য ব্যাখ্যা করো। ২+২+৬
অথবা,
(খ) ঠাকুর বাড়িতে ছেলেদের শিক্ষার জন্য যে 'নানা-বিদ্যার আয়োজন' করা হয়েছিল, তার পরিচয় দাও। ১০
- ৩। (ক) 'দেশে-বিদেশে' গ্রন্থ অবলম্বনে সৈয়দ মুজতবা আলির দার্শনিক ভাবুক মনের যে পরিচয় পরিস্ফুট হয়েছে, তার স্বরূপ আলোচনা করো। ১০
অথবা,
(খ) 'দেশে-বিদেশে' গ্রন্থে আফগানিস্তানের যে ছবি দেখা যায়, সংক্ষেপে তার পরিচয় দাও। ১০
- ৪। (ক) 'চেতন্যভাগবত'-এ শ্রীচেতন্যের বিদ্যাশিক্ষার যে পরিচয় পাওয়া যায়, সে সম্পর্কে আলোচনা করো। ৫
অথবা,
(খ) 'চেতন্যভাগবত' অবলম্বনে 'দিগ্বিজয়ী উদ্ধার' প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫
- ৫। (ক) "আমার জীবনে এইটিই আদিকবির প্রথম কবিতা"— প্রসঙ্গ উল্লেখ করে, উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫
অথবা,
(খ) "ইহার মধ্যে যেটুকু গভীরতা আছে তাহা সরোবর সংক্রান্ত— অত্যন্তই স্বচ্ছ"— সপ্রসঙ্গ ব্যাখ্যা করো। ৫

৬। (ক) “বাকি-জীবন সে ওই পঁয়তাল্লিশ নম্বরের ভানুমতী কখনো কাটিয়ে উঠতে পারেনি।”—লেখকের অনুসরণে ঘটনাটি বর্ণনা করে।

৫

অথবা,

(খ) “সর্দারজি লেখকের যাত্রাপথের একটি অবিস্মরণীয় চরিত্র”—আলোচনা করে।

৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি)।

৫×১

(ক) অদ্বৈত আচার্য

(খ) ভূতরাজকতন্ত্র

(গ) আব্দুর রহমান

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) শ্রীচৈতন্যের মায়ের নাম কী?

(খ) শ্রীচৈতন্য কার কাছে কৃষ্ণমন্ত্র দীক্ষা নিয়েছিলেন?

(গ) “দ্বিতীয় দেবকী যেন সেই জগৎমাতা”—কার সম্পর্কে এ কথা বলা হয়েছে?

(ঘ) দুজন চৈতন্য-পার্বদেবের নাম লেখো।

(ঙ) ‘শ্রীশুক’ কাকে বলা হয়?

(চ) ‘নেয়ামত খলিফা’ কে ছিলেন?

(ছ) রবীন্দ্রনাথ স্বপ্নে কোন গ্রন্থের প্লট পান?

(জ) ‘স্বপ্নপ্রয়াণ’-এর কবি কে?

(ঝ) ‘বালক’ পত্রিকার সম্পাদিকা কে ছিলেন?

(ঞ) ‘জীবনস্মৃতি’-র সূচনা অংশে কোন গ্রন্থের উল্লেখ আছে?

(ট) ‘দেশে-বিদেশে’ কী জাতীয় গ্রন্থ?

(ঠ) পাঠানমূল্যের প্রচলিত প্রবাদ কী?

(ড) সরল পাঠান ও সুচতুর ইংরেজের কোথায় মিল আছে?

(ঢ) পাঠান জীবনের প্রধান আইন কী?

(ণ) রূপোর তাজমহল কাকে বলা হয়েছে?